



## ড্যাফোডিলে সেমিনার

শিক্ষা জগৎ ডেস্ক □

১৬ জুলাই ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ব্যবসায় প্রশাসন বিভাগের আয়োজনে 'জাতীয় বাজেট ২০১৮-১৯ : একটি মূল্যায়ন' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর ও প্রখ্যাত অর্থনীতিবিদ খোন্দকার ইব্রাহিম খালেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ড. ফাহিমদা খাতুন, সীমান্ত ব্যাংকের নির্বাহী ভাইস প্রেসিডেন্ট আনোয়ার ফারুক ভাস্করদার ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ব্যবসায় ও অর্থনীতি অনুষদের ডিন অধ্যাপক ড. মাসুম ইকবাল। সেমিনারে সভাপতিত্ব করেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম।